

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, বরগুনা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়।
website : www.barguna.gov.bd

নং-১৭.০৬.০৪০০.০০০.০৬.০০১.২৩- ৬৬৫

তারিখ : ০৪ অগ্রহায়ণ ১৪৩০
১৯ নভেম্বর ২০২৩

বিষয় : দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনী এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ।

সূত্র : (১) নির্বাচন কমিশন সচিবালয়ের ১৬ নভেম্বর ২০২৩ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০০৪.০৬.০১৮.২৩-৭২৭।
(২) স্থানীয় সরকার বিভাগের ১৬ নভেম্বর ২০২৩ তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০০৯.১৮.০০৬.২০২৩-১২৩৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ১৫ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক সময়সূচি ঘোষণা করা হয়েছে। উক্ত নির্বাচনে সন্ধ্যা প্রার্থীদের পোস্টার, ব্যানার, নেয়াল পিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যাভেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী এবং নির্বাচনি ক্যাম্প থাকলে তা সংশ্লিষ্ট ব্যক্তিগণকে নিজ খরচে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন (কপি সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য পৌরসভা, ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অত্র জেলাধীন ১০৯ বরগুনা-১ এবং ১১০ বরগুনা-২ আসনে সন্ধ্যা প্রার্থীগণের পোস্টার, ব্যানার, নেয়াল পিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যাভেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী এবং নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো অনতিবিলম্বে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


(মোহঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক, বরগুনা

ও
রিটার্নিং অফিসার
১০৯ বরগুনা-১ এবং ১১০ বরগুনা-২
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন: ০২৪৭৮৮৮৬৪৬৬

e-mail: dcbarguna@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার
..... (সকল), বরগুনা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৪। পুলিশ সুপার, বরগুনা।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরগুনা।
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৭। জেলা নির্বাচন অফিসার, বরগুনা।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর/আমতলী/রামনা/বেতাপী/পাথরঘাটা/তালতলী, বরগুনা (নির্বাচনি প্রচার সামগ্রী যথাযথভাবে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। মেয়র, পৌরসভা, উপজেলা (নির্বাচনি প্রচার সামগ্রী যথাযথভাবে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), বরগুনা।
- ১১। অফিসার ইন-চার্জ, (সংশ্লিষ্ট) থানা, বরগুনা।
- ১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা, বরগুনা (নির্বাচনি প্রচার সামগ্রী যথাযথভাবে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৩। অফিস কপি।